

সংস্করণ নং ৩৫

বাংলাদেশ



গেজেট

জারিত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৯, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ, ৫ই পৌষ, ১৪০১/১৯শে ডিসেম্বর, ১৯৯৪

এস. আর. ও নং ৩৫২-আইন/৯৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশের প্রদত্ত ক্ষমতাবলি রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতা বক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের গেজেটেড অফিসার ও নন-গেজেটেড কর্মচারীদের নিয়োগ বিধিমালা ১৯৮৫-তে নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

উপরিউক্ত বিধিমালায় (১) বিধি-১-এ “পরিদপ্তরের” শব্দটির পরিবর্তে “অধিদপ্তরের” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ২-এর দফা (ঘ) এর পর নিম্নরূপ নতুন দফা (ঘখ) সন্নিবেশিত হইবে, যথা:—

“(ঘখ) “বিভাগীয় প্রার্থী” বলিতে, সরকারী থানা শিক্ষা অফিসারের ক্ষেত্রে, সরকারী প্রাথমিক বিদ্যালয়ের যে কোন শিক্ষক এবং, থানা শিক্ষা অফিসারের ক্ষেত্রে, সরকারী প্রাথমিক বিদ্যালয়ের যে কোন শিক্ষক ও সরকারী থানা শিক্ষা অফিসার বুঝিবে;”

(৫৩৩৯)

মূল্য: টাকা ২.০০

(৩) বিধি ৬ এর পর নিম্নরূপ নতুন বিধি ৭ সংযোজিত হইবে; যথা :—

“৭। বিশেষ বিধান :—(১) প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের ৫-৯-১৪০১ বাণ/১৯-১২-৯৪ ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৩৫২-আইন/৯৪, অতঃপর এই বিধিতে সংশোধনী প্রজ্ঞাপন বলিয়া উল্লেখিত, দ্বারা সংশোধিত এই বিদ্যালয় তফসিলে বা সরকার কর্তৃক এতদবিষয়ে জারীকৃত কোন প্রজ্ঞাপন বা স্মারকে যাহা কিছু থাকুক না কেন, উক্ত সংশোধনী প্রজ্ঞাপন জারীর পূর্বে যে সকল ব্যক্তি উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (পদ দুইটি যে নামেই অভিহিত হইক না কেন) পদে যথাক্রমে ২য় শ্রেণীর কর্মকর্তা ও ৩য় শ্রেণীর কর্মচারী হিসাবে সংশ্লিষ্ট সময়ে প্রচলিত নিয়োগ বিধি অনুসারে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন, তাহারা সংশোধনী প্রজ্ঞাপন জারীর সঙ্গে সঙ্গে তফসিলের ৭ ও ১৭ নং ক্রমিকে উল্লেখিত পদে যথাক্রমে ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা হিসাবে উন্নীত হইয়াছেন বলিয়া গণ্য হইবে।

(২) উপবিধি (১) এ উল্লেখিত সংশোধনী প্রজ্ঞাপন জারীর পর, উক্ত পদ দুইটিতে কোন শূন্যতা থাকিলে বা কোন কারণে শূন্যতার সৃষ্টি হইলে, এইরূপ শূন্য পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত সংশোধনী প্রজ্ঞাপন দ্বারা সংশোধিত তফসিলের ক্রমিক নং ৭ ও ১৭ এবং তৎসংশ্লিষ্ট বিধানাবলী অনুসরণ করা হইবে।”;

(৪) তফসিলের কলাম ১ এর—

(ক) ক্রমিক নং—“৭” এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে উক্ত কলামসমূহে যথাক্রমে নিম্নরূপ ক্রমিক নং এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৭। থানা শিক্ষা  
অফিসার

বিধি ৭ এর বিধান সাপেক্ষে

(ক) ২০% পদ সহকারী থানা শিক্ষা অফিসারগণের নধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং পদোন্নতির ক্ষেত্রে কলাম ৪ এ উল্লেখিত পদে ৫ বৎসরের চাকরী।

অনুর্ধ্ব ৩৩ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

(খ) ৩০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।

সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণীর বাগ্মী।”;



(খ) ক্রমিক নং “১৭” এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে উক্ত কলামসমূহে যথাক্রমে নিম্নরূপ ক্রমিক নং এবং এন্ট্রিসমূহ প্রত্যাপিত হইবে, যথা:—

“১৭। সহকারী অনূর্ধ্ব ৩০ বৎসর, বিধি ৭ এর বিধান সাপেক্ষে, সকল সন্ন্যাসরী নিয়োগের ক্ষেত্রে: খানা শিকা তবে বিভাগীয় ১০০% পদ নিম্নবর্ণিতভাবে গের ক্ষেত্রে: আফসার। প্রার্থীদের ক্ষেত্রে সন্ন্যাসরী নিয়োগের সাধ্যানে- কোন স্বীকৃতিপ্রাপ্ত ৪৫ বৎসর পর্যন্ত শিশুলবোধ্য।

(১) ৫০% পদ বিভাগীয় প্রার্থীগণের জন্য সংরক্ষিত থাকিবে, তবে যোগ্য প্রার্থী না পাওয়া গেলে এই কোটার সংশ্লিষ্ট পদ উপ-অনুচ্ছেদ (২)-তে বর্ণিত প্রার্থীগণের মধ্য হইতে পূরণ করা হইবে;

এবং

(২) ৫০% পদ সকলের জন্য উন্মুক্ত থাকিবে।

রাস্ত্রপতির আদেশক্রমে

কাজী রকিবউ দ্বীন আহমদ

সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।